



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


বিএসইসি/মুখপত্র(২য় খন্ড)/২০১১/৮৬৫

তারিখঃ ২৭/১২/২০১৬

## প্রেস বিজ্ঞপ্তি

আগামী ৯-১১ জানুয়ারি ২০১৭, ৬৪ জেলায় সরকারের গৃহীত উন্নয়ন উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন ও উন্নয়ন সম্পর্কিত তথ্য জনগণের কাছে তুলে ধরার জন্য উন্নয়ন মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রথমবারের মত ২৮ জেলায় অংশ গ্রহণ করবে। এই অংশ গ্রহণ করার নিমিত্তে ইতোমধ্যে ২৮ জেলার জেলা প্রশাসকবৃন্দের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। জেলা গুলো হলো-ঢাকা, চট্টগ্রাম, সিলেট, কক্সবাজার, কুমিল্লা, বগুড়া, ফরিদপুর, বরিশাল, পাবনা, নরসিংদি, নারায়নগঞ্জ, নওগাঁ, ময়মনসিংহ, টাঙ্গাইল, রংপুর, রাজশাহী, নোয়াখালী, মৌলভীবাজার, হবিগঞ্জ, কুষ্টিয়া, কিশোরগঞ্জ, খুলনা, ফেনী, যশোর, জামালপুর, সিরাজগঞ্জ, গাজীপুর, ব্রাহ্মণবাড়ীয়া।

উক্ত মেলায় পুঁজিবাজারকে নিয়ে সরকারের গৃহীত ও বাস্তবায়িত পদক্ষেপ তথা পুঁজিবাজারের সামগ্রিক উন্নয়ন ও বিনিয়োগ ব্যবস্থা তুলে ধরার জন্য কমিশন সকল স্টেকহোল্ডারদের সহযোগে অংশগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করেছে। ইতোমধ্যে এই মেলাতে অংশ গ্রহণ, সরকারের সাফল্যকে জনগণের নিকট তুলে ধরার জন্য ও মেলাকে সাফল্য মন্ডিত করার লক্ষ্যে একটি কমিটি গঠন করেছে। উক্ত কমিটি কমিশনের পক্ষ হতে মেলা সংক্রান্ত যাবতীয় কর্মকান্ড পরিচালনা করবে। ইতোমধ্যে উক্ত কমিটি পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও বিভিন্ন এসোসিয়েশনের প্রতিনিধিদের নিয়ে বিভিন্ন উপ-কমিটি গঠন করে কর্মকান্ডকে এগিয়ে নিয়ে যাচ্ছে। আশা করা যাচ্ছে, এই উন্নয়ন মেলায় অংশগ্রহণ জনগণের মধ্যে পুঁজিবাজার সম্পর্কে সচেতনতা ও বিনিয়োগে সঠিক সিদ্ধান্ত গ্রহণে ভূমিকা রাখবে।

  
29/12/2016

(মোঃ সাইফুর রহমান)

নির্বাহী পরিচালক

ও

মুখপত্র।